গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০২০.২১.১৫১৮ তারিখ ঃ পৌষ ১৪২৮ / ডিসেম্বর ২০২১

"গণ বিজ্ঞপ্তি"

আগামী ০৫ জানুয়ারি ২০২২ তারিখে ৫ম ধাপে পাবনা জেলার বেড়া ও ফরিদপুর উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে।

বর্ণিত নির্বাচন সুষ্ঠুভাবে শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্নের নিমিত্ত বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ২২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ৭৩৬ নং স্মারকে ভোটগ্রহণের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৪ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৫ জানুয়ারি ২০২২ তারিখ মধ্যরাত ১২:০০টা পর্যন্ত (ক) লঞ্চ, (খ) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান, (গ) স্পিড বোট চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপের নির্দেশনা পাওয়া গিয়েছে।

বর্ণিত নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্নের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ের ২২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ৭৩৬ নং স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে পাবনা জেলার বেড়া ও ফরিদপুর উপজেলাধীন নৌপথে ভোটগ্রহণের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৪ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৫ জানুয়ারি ২০২২ তারিখ মধ্যরাত ১২:০০টা পর্যন্ত (ক) লঞ্চ, (খ) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান, (গ) স্পিড বোট চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

তবে সকল ধরনের ইঞ্জিন চালিত নৌযানের উপর নিষেধাজ্ঞা আরোপ না করে শুধুমাত্র লঞ্চ ও স্পিড বোট চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো। বিশেষ করে ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগন তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান নিষেধাজ্ঞা বহির্ভূত রাখা হলো।

উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে এরূপ নিষেধাজ্ঞা শিথিল করা হলো। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রবোজ্য হবে না।

২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

স্বাঃ

(বিশ্বাস রাসেল হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা
ফোনঃ ০২৫৮৮৮৪৫৪৯৯
e-mail: dcpabna@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০২০.২১.১৫১৮ তারিখ ঃ ১২ পৌষ ১৪২৮ / ২৭ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৬। পুলিশ সুপার, পাবনা।
০৭। যুগ্ম পরিচালক, এন এস আই, পাবনা।
০৮। উপপরিচালক, র‍্যাব-১২, পাবনা।
০৯। মেয়র, -------------------- পৌরসভা, পাবনা, গণ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ------------------, পাবনা, পাবনা গণ বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলাধীন ইউপি চেয়ারম্যানের মাধ্যমে, বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১১। সহকারি কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা । অত্র অফিস গণ বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। সিনিয়র জেলা তথ্য অফিসার, পাবনা তাঁকে গণ বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট উপজেলায় সর্বত্র মাইকযোগে বহুল প্রচারের অনুরোধ করা হলো।
১৩। ফাঁড়ী ইনচার্জ, ---------------------------------------নৌ পুলিশ ফাঁড়ি---------------------------------------------, পাবনা
১৪। সম্পাদক, দৈনিক-----------------------পত্রিকা, পাবনা । তাঁকে গণ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় সংবাদ হিসেবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। ম্যানেজার-------------------------, স্যাটেলাইট, পাবনা। তাঁকে গণ বিজ্ঞপ্তিটি ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৭/১২/২০২১

জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা